**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৩০.৬১৫২.০০৩.০২.০০১.২০২২- ১৪১ তারিখ-০৮/০২/২০২২খ্রিঃ।

## হাট-বাজার/ফেরীঘাট ইজারা দরপত্র আহবান বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ নিয়ন্ত্রিত হাট-বাজার/ফেরীঘাট সমূহ বাংলা ১৪২৯ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১(এক) বছর মেয়াদের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্তে প্রচলিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে। নিম্নবর্ণিত হাট বাজার/ফেরীঘাট সমূহের দরপত্র নির্ধারিত তারিখে বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) ময়মনসিংহ, পুলিশ সুপারের কার্যালয় ময়মনসিংহ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সদর ময়মনসিংহ ও সহকারী কমিশনার (ভূমি) ময়মনসিংহ সদর, ময়মনসিংহ সোনালী ব্যাংক, ময়মনসিংহ কর্পোরেট শাখা এর অফিসে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিন বেলা ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

দরপত্র সিডিউল নিম্নবর্ণিত ডাকের তারিখের পূর্বের দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উল্লেখিত অফিসসমূহ হতে নির্ধারিত মূল্যে ক্রয় করা যাবে। তবে নির্ধারিত তারিখের ক্রয়কৃত সিডিউল পরবর্তী ডাকের তারিখ/তারিখ সমূহে গ্রহণযোগ্য হবে না।

### দরপত্র সিডিউল বিক্রয়/গ্রহণের তারিখ ও সময়সূচী নিম্নরূপ ঃ

| পর্যায় | দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র ফরম দাখিলের তারিখ ও সময় | দরপত্র ফরম বিক্রয়ের স্থান |
|---|---|---|---|
| ১ম | ২৭/০২/২০২২ রবিবার, ১৪ ফাল্গুন ১৪২৮বাং | ২৮/০২/২০২২ সোমবার, ১৫ ফাল্গুন ১৪২৮ বাং সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ২.০০ঘটিকা পর্যন্ত | জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) ময়মনসিংহ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ময়মনসিংহ সদর, ময়মনসিংহ,সহকারী কমিশনার (ভূমি) ময়মনসিংহ সদর, ময়মনসিংহ কার্যালয়, সোনালী ব্যাংক লিঃ ময়মনসিংহ কর্পোরেট শাখা ময়মনসিংহ, ও কোতোয়ালী মডেল থানা (পুলিশ ষ্টেশন) ময়মনসিংহ। |
| ২য় | ১৩/০৩/২০২২ রবিবার, ২৮ ফাল্গুন ১৪২৮বাং | ১৪/০৩/২০২২ সোমার, ২৯ ফাল্গুন ১৪২৮ বাং সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ২.০০ঘটিকা পর্যন্ত | |
| ৩য় | ২৭/০৩/২০২২ রবিবার ১৩ চৈত্র ১৪২৮ বাং | ২৮/০৩/২০২২ সোমবার, ১৪ চৈত্র ১৪২৮ বাং সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ২.০০ঘটিকা পর্যন্ত | |
| ৪র্থ | ০৬/০৪/২০২২ বুধবার, ২৩ চৈত্র ১৪২৮বাং | ০৭/০৪/২০২২ বৃহস্পতিবার, ২৪ চৈত্র ১৪২৮ বাং সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ২.০০ঘটিকা পর্যন্ত | |

### হাট-বাজার সমূহের বিবরণ

| ক্রঃনং | হাট বাজারের নাম | ইউনিয়ন | বাংলা ১৪২৯ সনের ইজারার জন্য সম্ভাব্য সরকারী মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ০১। | অষ্টধার বাজার | অষ্টধার ইউনিয়ন | ১১,৬১,১২৪/- | ২,৮০০/- |
| ০২। | মশিউর নগর বাজার | ,, | ২,২০,৫৭৯/- | ১,২০০/- |
| ০৩। | নিমতলা বাজার | ,, | ৩,৩৫৯/- | ৫০০/- |
| ০৪। | বিদ্যাগঞ্জ বাজার | কুষ্টিয়া ইউনিয়ন | ২৮,৩৭,৬২০/- | ৬,৪০০/- |
| ০৫। | পুটিয়ালী নতুন বাজার | ,, | ৭৫,০১৮/- | ৫০০/- |
| ০৬। | বোররচর পূর্ব কাচারী গো-হাটা বাজার | বোররচর ইউনিয়ন | ১৮,০০,০০০/- | ৪,২০০/- |
| ০৭। | বোররচর পশ্চির্ম কাচারী তোহা বাজার | ,, | ৫,০৫,৭০৯ | ১,৮০০/- |
| ০৮। | পয়েস্তি তারাপুর আহম্মেদ নগর বাজার | ,, | ২,২৮৩/- | ৫০০/- |
| ০৯। | বোররচর বনপাড়া নতুন বাজার | ,, | ২,৯৬৮/- | ৫০০/- |
| ১০। | বোররচর বার্তিপাড়া বাজার | ,, | ২,৯৬৮/- | ৫০০/- |
| ১১। | অম্বিকাগঞ্জ বাজার | পরানগঞ্জ ইউনিয়ন | ৩৭,৫০,২৫৮/- | ৮,২০০/- |
| ১২। | পরানগঞ্জ বাজার | ,, | ১৫,৬৪,৩৪৬/- | ৩,৮০০/- |
| ১৩। | চরহাসাদিয়া বাজার | ,, | ৫,১০০/- | ৫০০/- |
| ১৪। | বাঘাডোবা বাজার | ,, | ২৬,৬০৬/- | ৫০০/- |
| ১৫। | চরশিকলদী বাজার | ,, | ১০,১০০/- | ৫০০/- |
| ১৬। | সিরতা বাজার | সিরতা ইউনিয়ন | ২,৪৯,১৩৬/- | ১,২০০/- |
| ১৭। | চরখরিচা বাজার | ,, | ৩৯,৯৯,০৬৬/- | ৮,৬০০/- |
| ১৮। | জয়বাংলা বাজার | ,, | ৬,১৩,৫৯৯/- | ২০০০/- |
| ১৯। | কোণাপাড়া বাজার | ,, | ৯১,৯৫২/- | ৫০০/- |
| ২০। | গাঙ্গীনারপাড় বাজার | চরঈশ্বরদিয়া ইউনিয়ন | ৯,৭৬৮/- | ৫০০/- |
| ২১। | রাজগঞ্জ বাজার | চরনিলক্ষীয়া ইউনিয়ন | ২,৮৮,৬৭৩/- | ১,২০০/- |
| ২২। | লেংড়ার বাজার | ,, | ৯,৬৮৮/- | ৫০০/- |
| ২৩। | মহজমপুর বাজার | ,, | ১৬,৫৩৬/- | ৫০০/- |
| ২৪। | মুক্তিযোদ্ধা বাজার | ,, | ২,০১,৭৯২/- | ১,২০০/- |
| ২৫। | বেগুনবাড়ী বাজার | খাগডহর ইউনিয়ন | ৬,১৮,৩৪৫/- | ২,০০০/- |
| ২৬। | গণেশ্যামপুর বাজার | ,, | ৩৪,২৭৩/- | ৫০০/- |
| ২৭। | রহমতপুর বাজার | ,, | ৭,৪২০/- | ৫০০/- |
| ২৮। | লেংড়ার বাজার (মাইজবাড়ী) | ,, | ১২,৯৮৫/- | ৫০০/- |
| ২৯। | দাপুনিয়া বাজার | দাপুনিয়া ইউনিয়ন | ৪৯,৪৮,৬১০/- | ১০,২০০/- |
| ৩০। | দাপুনিয়া সরকারী পুকুরপাড় বাজার | ,, | ৯৯,০৩৯/- | ৫০০/- |
| ৩১। | কাতলাসেন বাজার | ,, | ৬,৯৪৩/- | ৫০০/- |
| ৩২। | গোপালনগর বাজার | ঘাগড়া ইউনিয়ন | ৮৭,৩০৯/- | ৫০০/- |
| ৩৩। | ঘাগড়া চৌরাস্তা বাজার | ,, | ৭,৫৯৭/- | ৫০০/- |
| ৩৪। | পাড়াইল বাজার | ,, | ২২,৮২৫/- | ৫০০/- |
| ৩৫। | বুধবাড়িয়া বাজার | ,, | ১৭,২২৫/- | ৫০০/- |
| ৩৬। | চুরখাই বাজার | ভাবখালী ইউনিয়ন | ৩৫,৩০,৯৭৮/- | ৭৮০০/- |
| ৩৭। | ভাবখালী পুরাতন বাজার | ,, | ২,০৫,৯৯৪/- | ১,২০০/- |
| ৩৮। | আউলিয়া বাজার | ,, | ৩,৯৮৯/- | ৫০০/- |

### ফেরীঘাট

| | | | | |
|---|---|---|---|---|
| ০১ | ভাবখালী পুরাতন বাজার ফেরীঘাট | ভাবখালী | ২,০০,০০০/- | ১,০০০/- |

০৮/০২/২২
(মোঃ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।

## ১৪২৯ বাংলা সনের হাট-বাজার/ফেরী ঘাটের ইজারার শর্তাবলী

১। বাংলা ১৪২৯ সালের ১ বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার/ফেরীঘাট ইজারা দেয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) এবং ফেরী ঘাটের ক্ষেত্রে ২৫% (শতকরা পঁচিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে''উপজেলা নির্বাহী অফিসার, সদর, ময়মনসিংহ''এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) এবং ফেরীঘাটের ক্ষেত্রে ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে ।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরপত্র দাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রকাশের ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার ফেরী ঘাট অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার/ফেরীঘাট পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ের হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ফেরী ঘাটের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

০৮/০২/২২

(মোঃ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।
ফোন ঃ ০৯১-৬৫৮৭২

স্মারক নং-০৫.৩০.৬১৫২.০০৩.০২.০০১.২০২২-১৪১ /১(২০০)

তারিখ ঃ ০৮/০২/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ(জ্যৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। পুলিশ সুপার, ময়মনসিংহ।
৫। প্রধান নির্বাহী কর্মকতা,ময়মনসিংহ সিটি কর্পোরেশন,ময়মনসিংহ।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৯। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/সার্বিক/শিক্ষা ও আইসিটি, ময়মনসিংহ।
১০। উপজেলা নির্বাহী অফিসার.........................................................................(সকল), ময়মনসিংহ।
১১। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ।
১২। সহকারী কমিশনার (ভূমি), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
১৩। উপজেলা.......................................................কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
১৪। সাব-রেজিষ্টার/পোষ্ট মাষ্টার, ময়মনসিংহ।
১৫। জেলা তথ্য অফিসার, ময়মনসিংহ।
১৬। অফিসার ইনচার্জ, কোতোয়ালী মডেল থানা, ময়মনসিংহ।
১৭। চেয়ারম্যান.....................................ইউনিয়ন পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। তাঁকে মাইক/ঢোল সহরতের মাধ্যমে তার এলাকাধীন হাট-বাজার সমূহে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,................................................ইউনিয়ন ভূমি অফিস, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। তাকে মাইক/ঢোল সহরতের মাধ্যমে হাট/বাজার ও জনবহুল স্থানে ব্যাপক প্রচারের ব্যবস্থা নিতে নির্দেশ প্রদান করা হলো।
১৯। জনাব...................................................১৪২৮ সনের ইজারাদার ..............................হাট/বাজার, সদর, ময়মনসিংহ।
২০। জনাব..................................................................................................................................
২১। অত্রাফিসের নোটিশ বোর্ড ।

০৮/০২/২২

(মোঃ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।